



বিষয় - ৩

কমিউনিটি ফাইন্যান্স

চার্ট-১ : কমিউনিটি ফাইন্যান্স

কমিউনিটি দ্বারা যে সকল তহবিল ব্যবহৃত হবে

ক) গ্রুপের সঞ্চয় (অভ্যন্তরীণ তহবিল)

খ) কমিউনিটি উন্নয়ন তহবিল

গ) জীবিকা উন্নয়ন তহবিল

ঘ) অন্যান্য উৎস যেমন- কমিউনিটি পেট্রোলিং এবং দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের জন্য তহবিল



চার্ট-২ : অভ্যন্তরীণ তহবিল

সঞ্চয়:

আয়ের যে অংশ খরচ (ভোগ) না করে ভবিষ্যতের জন্য জমা রাখা হয়, তাকে সঞ্চয় বলে

নিয়মিত সঞ্চয়:

নির্বাচিত কমিউনিটি সদস্যগণ সদস্যভুক্ত হওয়ার দিন থেকে সাপ্তাহিক/পাক্ষিক ভিত্তিতে দলীয় সিদ্ধান্ত অনুসারে সক্ষমতা অনুযায়ী নির্দিষ্ট হারে সঞ্চয় জমা করবেন

সঞ্চয়ের নিয়মাবলী

- ক) সুবিধাভোগী সদস্যগণ নিয়মিত সঞ্চয় জমা করবেন। সঞ্চয় জমার সময়কাল বা পরিমাণ দল কর্তৃক নির্ধারিত হবে
- খ) আদায়কৃত অর্থ একই দিনে ভিসিএসসি কমিটির নিকট জমা দিতে হবে। কমিটির ক্যাশিয়ার এর নিকট থেকে গ্রুপ রেজিষ্টার/গ্রুপ পাশ বইতে স্বীকারোক্তিমূলক স্বাক্ষর নিতে হবে
- গ) ভিসিএসসি ক্যাশিয়ার সঞ্চয়ের হালনাগাদ হিসাব রাখবেন। সঞ্চয় রেজিষ্টার এবং পাশ বইয়ে সঞ্চয় কমিটির আহবায়ক/ক্যাশিয়ারের যৌথ স্বাক্ষরসহ যথাযথভাবে নথীভুক্ত করতে হবে
- ঘ) একাধারে তিন মাস সঞ্চয় করতে ব্যর্থ হলে সিএফএমসি তাদের সদস্যপদ বাতিল করার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবে। কোন সদস্য পুনরায় সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে চান তাহলে তিনি সিএফএমসি বরাবর আবেদন করতে পারবেন। সিএফএমসি সদস্য পুনঃঅন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত নিবেন
- ঙ) ব্যাংকে জমাকৃত সঞ্চয়ের বিপরীতে প্রাপ্ত ব্যাংক সুদ এবং অভ্যন্তরীণ ঋণের সেবামূল্য থেকে অর্জিত প্রকৃত মুনাফা (নীট লাভ) সদস্যদের জমাকৃত সঞ্চয়ের স্থিতির ওপর ভিত্তি করে সদস্যদের মাঝে বিতরণ করতে হবে

চার্ট-৩ : অভ্যন্তরীণ তহবিল (চলমান...)

সঞ্চয় থেকে টাকা উত্তোলনের নিয়মাবলী

- যে কোন সদস্য জরুরী প্রয়োজনে জমাকৃত সঞ্চয় থেকে ৮০% টাকা উত্তোলন করতে পারবেন
- কোন সদস্যের নামে ঋণ পাওনা থাকলে তিনি সঞ্চয়ের টাকা উত্তোলন করতে পারবেন না
- সঞ্চয় থেকে টাকা তোলার জন্য সদস্যকে আবেদনপত্র অবশ্যই জমা দিতে হবে। ভিসিএসসি থেকে সুপারিশের পর সিএফএমসি তাদের মিটিংয়ে আবেদনপত্র উপস্থাপন করবেন
- ভিসিএসসি ক্যাশিয়ার উক্ত পরিমাণ টাকা পরিশোধ করবেন ও সদস্যের পাশবইয়ে লিপিবদ্ধ করবেন
- কোন সদস্যের মৃত্যু হলে অথবা অপসারিত হলে তার পাওনা ঋণের টাকা ব্যতিত অবশিষ্ট অংশ তার পরিবারের সদস্যদের ফেরত দেয়া হবে

অভ্যন্তরীণ ঋণ: নিয়মাবলী

- সদস্যদের পারিবারিক জরুরী প্রয়োজনের ভিত্তিতে ভিসিএসসি কর্তৃক সংগৃহীত সঞ্চয়ের ৮০% ঋণ হিসেবে দেয়া হবে
- প্রত্যেক সদস্য সর্বোচ্চ কি পরিমাণ ঋণ পাবেন তা সিএফএমসি সিদ্ধান্ত নিবে
- ভিসিএসসি ঋণের পরিচালন ব্যয় ভিত্তিক সেবামূল্য নির্ধারণের যৌক্তিকতা সিএফএমসিকে অবহিত করবে
- সিএফএমসি, ভিসিএসসি এবং এফএসসির অনুমোদন সাপেক্ষে অভ্যন্তরীণ ঋণের সেবামূল্য নির্ধারণ করা হবে
- সাধারণতঃ সার্ভিস চার্জের হার ৫% (সরল সুদ) এর বেশি হবে না

চার্ট-৪ : কমিউনিটি ডেভেলপমেন্ট ফান্ড (সিডিএফ)

এ তহবিলের আওতায় বাস্তবায়ন উপযোগী কার্যক্রমসমূহ

ক) মৌলিক সেবাসমূহ:

পানি সরবরাহ (পুকুর পুনঃখনন, টিউবওয়েল, বৃষ্টির পানি সংরক্ষণ, পাইপে পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, শিক্ষা, স্বাস্থ্য ও বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি

খ) যোগাযোগ :

সড়ক মেরামত, সেতু বা কালভার্ট মেরামত, টেলিযোগাযোগ, ইন্টারনেট ইত্যাদি

গ) ঝুঁকি হ্রাস:

ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র মেরামত, বাঁধ মেরামত ইত্যাদি

মূল নিয়মাবলী

- কমিউনিটি উন্নয়ন তহবিলের অধীনে অর্থায়ন করার জন্য উপ প্রকল্প সনাক্তকরণ এবং অগ্রাধিকার নির্বাচন
- কমিউনিটির উল্লেখযোগ্য অংশ, যারা চরম দরিদ্র ও দরিদ্র এবং বনের উপর নির্ভরশীল তাদের সুবিধার জন্য অবকাঠামো পরিকল্পনা এবং বাস্তবায়ন করা
- উপ প্রকল্পগুলো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য অর্থ ও হিসাব কমিটি (এফএসি) দায়িত্বশীল থাকবে
- প্রতিটি উপ প্রকল্প পৃথকভাবে মূল্যায়ন এবং অর্থায়ন করা হবে
- সকল হিসাব স্থানীয় বাজার দর অনুযায়ী করা উচিত
- সোশাল অডিট কমিটি সকল কর্মকাণ্ড দেখাশোনা, কাজের জবাবদিহিতা এবং স্বচ্ছতা নিশ্চিত করবে

চার্ট-৫ : কমিউনিটি উন্নয়ন তহবিল (সিডিএফ) (চলমান...)

কমিউনিটি উন্নয়ন তহবিলের আওতায় উপ প্রকল্প প্রস্তাবনা তৈরী,
প্রক্রিয়াকরণ, মূল্যায়ন এবং বাস্তবায়নের ধাপসমূহ

ধাপ- ১ : অংশীদারিত্বমূলক ঝুঁকি বিশ্লেষণ ও প্রকল্প সনাক্তকরণ

ধাপ- ২ : অগ্রাধিকার নির্বাচন

ধাপ- ৩ : অগ্রাধিকার প্রকল্প অনুমোদন এবং বাজেট বরাদ্দকরণ

ধাপ- ৪ : উপ প্রকল্প কমিটি গঠন

ধাপ- ৫ : উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি

ধাপ- ৬ : সুরক্ষা নীতিমালা অনুসরণ

ধাপ- ৭ : উপ-প্রকল্প প্রাক-মূল্যায়ন, অনুমোদন

ধাপ- ৮ : অনুমোদনের জন্য বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রেরণ

ধাপ- ৯ : এফএএমটি কর্তৃক উপ-প্রকল্প প্রস্তাবনা মূল্যায়ন

ধাপ- ১০ : উপ-প্রকল্প প্রস্তাবনা অনুমোদন এবং তহবিল মঞ্জুরী

ধাপ- ১১ : সিএফএমসি ও ডিএফও/প্রতিনিধির মধ্যে আর্থিক চুক্তি স্বাক্ষর

ধাপ- ১২ : অর্থ অবমুক্তি (৬০%)

ধাপ- ১৩ : উপ-প্রকল্প বাস্তবায়ন

ধাপ- ১৪ : পরবর্তী কিস্তির জন্য আবেদনপত্র প্রেরণ

ধাপ- ১৫ : এফএএমটি কর্তৃক মাইলফলক যাচাই

ধাপ- ১৬ : পরবর্তী কিস্তি ছাড় (৪০%)

ধাপ- ১৭ : সমাপ্তি প্রতিবেদন দাখিল